

## প্রবাসীদের এনআইডি আবেদন নিষ্পত্তিতে বসছে কর্তৃপক্ষ

- A Monitor Desk Report

Date: 20 August, 2023



ঢাকা : প্রবাসীদের জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) আবেদন নিষ্পত্তির বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা বা নীতিমালা কী হবে, সে বিষয়ে বৈঠকে বসতে যাচ্ছে জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগের কর্মকর্তারা।

আগামীকাল সোমবার (২১ আগস্ট) বিকেল ৩টায় নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে বৈঠকটি অনুষ্ঠিত হবে। বৈঠকে সভাপতিত্ব করবেন এনআইডি অনুবিভাগের মহাপরিচালক (গ্রেড-১) এ কে এম হুমায়ুন কবীর। বৈঠকে চট্টগ্রাম অঞ্চলের অধীন নির্বাচন কর্মকর্তাদের সঙ্গে ইসি সচিব জাহাঙ্গীর আলমের সভার আলোকে প্রাপ্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ওপর ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হবে।

সভায় যেসব বিষয়ে আলোচনা করা হবে:

- (ক) প্রবাসীদের এনআইডি সংক্রান্ত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে একটি সুস্পষ্ট নির্দেশনা/নীতিমালা;
- (খ) বিশেষ এলাকায় এনআইডি আবেদনগুলো নিষ্পত্তির লক্ষ্যে প্রতি মাসের একটি নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট কমিটির সভা সংক্রান্ত;
- (গ) বিশেষ এলাকায় এনআইডি আবেদনগুলো নিষ্পত্তির লক্ষ্যে আয়োজিত সভার জন্য আলাদা আপ্যায়ন বরাদ্দ প্রদান সংক্রান্ত;
- (ঘ) বিশেষ এলাকায় এনআইডি আবেদনসমূহ নিষ্পত্তি সংক্রান্ত কমিটির কাঠামো পুনঃপর্যালোচনা। অধিকাংশ সদস্য অনুপস্থিত থাকেন এবং কমিটি কার্যকর নয়;
- (ঙ) পার্বত্য এলাকায় এনআইডি কার্যক্রমে 'ভূমির প্রত্যয়ন'র ক্ষেত্রটি শিথিল করা/ 'ভূমির প্রত্যয়ন' পরিবর্তে অন্য কোনো ডকুমেন্টের প্রচলন;
- (চ) উপজেলা পর্যায়ে এএফআইএস (AFIS) যাচাইয়ের সুযোগ দেওয়া;

**আরও পড়ুন:** [প্রবাসীদের জন্য আইন পরিবর্তনের ঘোষণা কুয়েতে](#)

(ছ) রাঙামাটি জেলার কাপ্তাই উপজেলার স্মার্ট কার্ড মুদ্রণের ব্যবস্থা;

(জ) চট্টগ্রাম জেলার অবশিষ্ট নয়টি উপজেলায় স্মার্ট কার্ড প্রিন্টের ব্যবস্থা;

(ঝ) এনআইডি সংশোধন কার্যক্রমে এআরইওদের (AREO) ক্ষমতা প্রদান সংক্রান্ত এবং বিবিধ।

-B